## উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির আগষ্ট/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ

তারিখ সময় ঃ ০৫/০৮/২০২৪ খ্রিঃ, সময় ঃ বিকেল-৩.৩০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংক্রান্ত ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। অতপর তিনি নিম্নোক্ত আগষ্ট, ২০২৪ মাসের প্রতিবেদন তুলে ধরেন।<br>০১। **সম্প্রসারিত টিকাদান কর্মসূচিঃ** ইপিআই পারফরমেন্স, বিসিজি- ৪২৮ জন, পেন্টাভেলেন্ট ১ম ডোজ- ৩৯৫ জন, পেন্টাভেলেন্ট ২য় ডোজ- ৪২০ জন, পেন্টাভেলেন্ট ৩য় ডোজ- ৪৩১ জন, এমআর ১ম ডোজ- ৫৮৭ জন এবং এমআর ২য় ডোজ- ৫৬৬ জন।<br>০২। **ডায়রিয়া ঃ** ০৮ জন ডায়রিয়া রোগী পাওয়া যায়। ডায়রিয়ায় কোন মৃত্যু নেই।<br>০৩। **নিউমোনিয়া ঃ** শিশুদের সর্দি কাশি হচ্ছে তবে নিউমোনিয়ায় কোন শিশুর মৃত্যু নাই। স্বাস্থ্যকর্মী মাঠ পর্যায়ে এ.আর.আই ব্যাপারে সব সময় স্বাস্থ্য শিক্ষা প্রদান করে।<br>০৪। **স্বাস্থ্য সেবা ঃ** টিকাদান কেন্দ্রে স্বাস্থ্য শিক্ষার কাজ চলমান রয়েছে।<br>০৫। **যক্ষা ঃ** পুরুষ- ৩৮ জন এবং মহিলা- ১৭, সর্বমোট- ৫৫ জন রোগী।<br>০৬। **কুষ্ঠ ঃ** পুরুষ- ০১ জন, মহিলা- ০০ সর্বমোট= ০১ জন রোগী।<br>০৭। **কমিউনিটি ক্লিনিক ঃ** ২৫টি কমিউনিটি ক্লিনিকে পুরুষ- ৬০৩০ জন, মহিলা- ৬০৩০ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। সিসিতে নরমাল ডেলিভারী- ০৩টি।<br>০৮। **স্বাস্থ্য শিক্ষাঃ** বিদ্যালয়ের স্বাস্থ্য শিক্ষা চলমান রয়েছে।<br>০৯। **ভেজাল খাদ্য প্রতিরোধঃ** খাদ্য স্থাপনা পরিদর্শন করা হয়েছে মোট- ২০২ টি। খাদ্য নমুনা পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে ০২টি। ভ্রাম্যমান অভিযান পরিচালিত হয়েছে মোট- ০১টি। জরিমানাকৃত টাকার পরিমান- ৮,০০০/- টাকা। নিয়মিত হাট বাজার পরিদর্শনসহ হোটেল রেস্তোরায় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এবং হোটেল রেস্তোরার কর্মচারীদের স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও খাদ্য লবণে আয়োডিন পরীক্ষা করা হয়।<br>১০। **গর্ভবতী মায়ের সেবাঃ** এএনসি সেবা- ১০৯ জন। পিএনসি সেবা- ৫২ জন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০২ | **স্বাস্থ্য সেবা ঃ** সভায় স্বাস্থ্য সেবা সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির বিষয়ে জনসচেতনতা তৈরি বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগসমূহ চিহ্নিত করে সেগুলো বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদে সুপারিশ আকারে উপস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। | এই সমস্ত বিষয় নিয়ে উপজেলা পরিষদ সাধারণ সভায় আলোচনা করার জন্য জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০৩ | **ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্য কেন্দ্র ঃ** সভায় উপজেলা পর্যায়ের সকল স্বাস্থ্য কেন্দ্রের মেরামত, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা, পরিষ্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য-কে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |
| ০৪ | **বিবিধ ঃ** সভায় মা ও শিশু স্বাস্থ্য এবং দরিদ্র-সুবিধাবঞ্চিত জনসাধারণের স্বাস্থ্য সেবা চিহ্নিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ; পরিবার পরিকল্পনা, শিশু ও মাতৃ মৃত্যুহার ও জনসংখ্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা করা ; উপজেলা পরিষদের সিদ্ধান্তের আলোকে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত অন্য যে কোনো বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদে সুপারিশ আকারে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৮/২৪

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৪৮২

তারিখঃ ২১ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৫ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপজেলা ........................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ..............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব..........................................................................................
সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

০৫/০৮/২০২৪

ডাঃ আফরোজা বেগম
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

## উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ- ০৫/০৬/২০২৪

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৪৬২

তারিখঃ ২০ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৪ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ০৫/০৮/২০২৪ তারিখ রোজ সোমবার বিকেল- ৩.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

০৪/০৮/২০২৪

(ডাঃ আফরোজা বেগম)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

.................................................................
.................................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।